দৈনিক

তারিখ 04 NOV 1987 পৃষ্ঠা 1 কলাম 3

# ময়মনসিংহ পলিটেকনিক ছাত্রাবাসে হামলায় নিহত ১ ॥ আহত ৫০

ময়মনসিংহ, ৩রা নভেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।– ময়মনসিংহ পলিটেকনিক ইনষ্টিটিউটে পরিবহন শ্রমিকদের হামলায় ১ জন নিহত এবং অর্ধ শতাধিক আহত হয়েছে। গুরুতর আহত ৬ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। পরিবহন শ্রমিকরা পলিটেকনিক ইনষ্টিটিউট ছাত্রাবাসে ব্যাপক ভাঙচুর ও অগ্নিসংযোগ করে।

ময়মনসিংহ পলিটেকনিকে এই ঘটনার পর পরই ময়মনসিংহ থেকে সকল রুটে বাস-মিনিবাস যানবাহন চলাচল বন্ধ হয়ে গেছে।

পুলিশ জানায় ময়মনসিংহ ও টাঙ্গাইল বাস মালিক সমিতির মধ্যে গোলযোগের কারণে সপ্তাহকাল ময়মনসিংহ-ঢাকা রুটে বাস-মিনিবাস চলাচল বন্ধ থাকার পর গত ১লা নভেম্বর ময়মনসিংহ পলিটেকনিকের ছাত্রদের মধ্যস্থতায় এ বিষয়ে একটি আপোষ রফা হয়। আপোষ রফা অনুসারে ময়মনসিংহ বাস মালিক সমিতি কর্তৃক আটককৃত টাংগাইল বাসমালিক সমিতির বাস ফিরিয়ে দেয়া হয়। এর পরেও টাংগাইল মালিক সমিতি এই রুটে বাস চালানো শুরু করেনি।

এ কারণে ময়মনসিংহ বাস মালিক সমিতি মধ্যস্থতায় ব্যর্থতার জন্য আজ পলিটেকনিক ইনষ্টিটিউটের ছাত্রদের দায়ী করে। এ সময় ছাত্ররা মালিক সমিতির একটি গাড়ীতে ইট পাট-

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

# প্রশাসনিক ভবন ঘেরাও ॥ প্রক্টর লাঞ্ছিত

রাজশাহী, ৩রা নভেম্বর (নিজস্ব সংবাদদাতার ফোন)।– আজ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে একদল ছাত্র পরীক্ষায় সাপ্লিমেন্টারী পদ্ধতি প্রবর্তনের দাবীতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন ঘেরাও করে তালা লাগিয়ে দেয়। তারা তাদের দাবী আদায়ের লক্ষ্যে প্রশাসনিক ভবনে অবস্থানরত উপাচার্যসহ বেশ কয়েক-

(শেষ পৃ: ২-এর ক: দ্র:)

## প্রক্টর লাঞ্ছিত

(১ম পাতার পর)

জন কর্মকর্তাকে তিন ঘন্টা আটকে রাখে। এসময় কয়েকজন বিক্ষোভকারী প্রক্টর সায়েন উদ্দীন আহমেদকে লাঞ্ছিত করে। তারা কয়েকজন কর্মকর্তার সাথে দুর্ব্যবহার করেছে বলেও অভিযোগ পাওয়া গেছে।

বেলা দেড়টার দিকে কয়েকজন শিক্ষকের প্রচেষ্টায় প্রশাসনিক ভবনে তালা খোলা সম্ভব হয়। প্রতিবেদন লেখা পর্যন্ত ঘটনা নিয়ে শিক্ষক সমিতির জরুরী সভা চলছিল। উল্লেখ্য, পরীক্ষায় সাপ্লিমেন্টারী পদ্ধতি প্রবর্তনের দাবীটি এর আগে শিক্ষা পরিষদের এক সভায় প্রত্যাখ্যাত হয়।

## ছাত্রাবাসে হামলা

(১ম পাতার পর)

কেল নিক্ষেপ করে। এরপর বিকেলে প্রায় ৪।৫ শ' পরিবহন শ্রমিক পলিটেকনিক ছাত্রাবাস ও অফিসে হামলা চালায়। তারা ব্যাপক ভাঙচুর ও ৩০টি কক্ষে অগ্নি সংযোগ করে। তাদের হামলায় অর্ধ শতাধিক ছাত্র পুলিশ ও পথচারী আহত হয়। পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য পুলিশকে ১৯ রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করতে হয়। শ্রমিকদের হামলায় আহত কিশোরগঞ্জের পাকুন্দিয়া উপজেলার আনার(২০) হাসপাতালে মারা যায়। সে পলিটেকনিক ইনষ্টিটিউটের ভর্তি পরীক্ষায় অংশ নিতে এসেছিল।

ময়মনসিংহ পলিটেকনিক ইনষ্টিটিউট শিক্ষক সমিতি বলেছে শ্রমিকদের হামলায় সরকারী ও ছাত্রদের সম্পত্তি মিলে ১ কোটি টাকার ক্ষতি হয়েছে। তারা দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেছেন।